

সাধন সরকার ওয়েবসাইট উদ্বোধন



সুখী

শুভেচ্ছা নিবেন।

সঙ্গীতাত্মক সাধন সরকার এর সমগ্র সৃষ্টি এবং ব্যক্তি সাধন সরকারকে নিয়ে 'সাধন সরকার বাতায়ন' বা 'সাধন সরকার ওয়েবসাইট' প্রস্তুত করা হয়েছে। এই ওয়েবসাইট সমৃদ্ধ হয়েছে তাঁর রচিত ও সুরারোপিত গান, গানের স্বরলিপি, তাঁর লেখা গল্প-কবিতা-প্রবন্ধ, তাঁকে নিয়ে দেশের বিশিষ্টজনদের লেখা, স্বকণ্ঠে গীত গানের অডিও, ভিডিও ক্লিপসমূহ নানাবিধ আয়োজন।

২৩ ডিসেম্বর ২০১৬, শুক্রবার, সন্ধ্যা ৬ টায় উমেশ চন্দ্র পাবলিক লাইব্রেরি মিলনায়তনে 'সাধন সরকার বাতায়ন' এর উদ্বোধন করবেন উপমহাদেশের প্রখ্যাত কথাসাহিত্যিক এবং সাধন সরকারের সহযোদ্ধা হাসান আজিজুল হক।

খুলনার বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান অনুষ্ঠানে সাধন সরকার সুরারোপিত সঙ্গীত পরিবেশন করবেন।

আপনার সবাক্ষেপ উপস্থিতি আমাদের অনুপ্রাণিত করবে।

ধন্যবাদান্তে-

হুমায়ুন কবির বি

প্রধান

প্রতিনিধি সংস্কৃতি সংস্থা খুলনা

দৈনিক পূর্বাঞ্চল (২৪/১২/২০১৬)

'সাধন সরকার ওয়েবসাইটের উদ্বোধন

গতকাল সন্ধ্যা ৬টায় উমেশ চন্দ্র পাবলিক লাইব্রেরি মিলনায়তনে প্রতিনিধি সংস্কৃতি সংস্থা, খুলনার উদ্যোগে সঙ্গীতাত্মক 'সাধন সরকার ওয়েবসাইটের' উদ্বোধনী অনুষ্ঠান হুমায়ুন কবির ববির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। ওয়েবসাইটে সাধন সরকারের সৃষ্টি কর্ম ও ব্যক্তি সাধন সরকারের বিভিন্ন বিষয় স্থান পেয়েছে। এই ওয়েবসাইটের মাধ্যমে এখন থেকে তাঁর সুরারোপিত স্বরলিপিসহ গান, তাঁর রচনা, তাঁকে নিয়ে বাংলাদেশের বিশিষ্ট মানুষদের রচনা সারা পৃথিবীর মানুষের জন্য উন্মুক্ত হলো।

অনুষ্ঠানে আলোচনা পর্বে অংশগ্রহণ করেন অধ্যাপক অসিত বরণ ঘোষ, অধ্যাপক অচিন্তা কুমার ভৌমিক, সৈয়দ মনোয়ার আলী, অধ্যাপক দীপা বন্দ্যোপাধ্যায়। তাঁর প্রতিনিধির এই উদ্যোগকে সাধুবাদ জানান এবং এই ওয়েবসাইট প্রস্তুতের ক্ষেত্রে তাঁর কন্যা সুতপা দে সরকার এবং জামাতা সুব্রত সাহাকে বিশেষভাবে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অধ্যাপক মুজিবুর রহমান, জর্গব বন্দ্যোপাধ্যায়, ডাঃবর বন্দ্যোপাধ্যায়, সুকান্ত সরকার, শেখ ইলিয়াস, মোস্তফা হামীম প্রমুখ।

অনুষ্ঠানে সাধন সরকার সুরারোপিত সঙ্গীত পরিবেশন করেন প্রতিনিধি সংস্কৃতি সংস্থা, স্কুল অব মিউজিক, রবীন্দ্র সঙ্গীত শিল্পী সংস্থার শিল্পীবৃন্দ এবং সাধন সরকারের নাতনি সুশীলা সাহা। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন সংস্কৃতিকর্মী সাজ্জাদুর রহিম পাছ।-খুবরঃ বিজ্ঞপ্তি।।